

যায়খায়দিন

তারিখ: ৩৭ JUL 2007
পৃষ্ঠা: ৩০

৩০/৩০
৪৩

উত্তরাঞ্চলে শিক্ষক নিবন্ধন পরীক্ষার কেন্দ্র বাড়ানোর দাবি

রংপুর প্রতিনিধি

উত্তরাঞ্চলের ১৬ জেলার মধ্যে রাজশাহীতে একটিমাত্র নিবন্ধন পরীক্ষা কেন্দ্র স্থাপনের যৌবনায় রংপুরে শিক্ষকদের মধ্যে অসন্তোষ দেখা দিয়েছে। শিক্ষকদের দাবি, এ অঞ্চলে অন্তত আরো দুটি কেন্দ্র স্থাপন করা প্রয়োজন।

জানা গেছে, এ মাসের ২৩ জুলাই কয়েকটি জাতীয় দৈনিকে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের একটি বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। এতে বলা হয়েছে, নিবন্ধন পরীক্ষা গ্রহণের জন্য এ বছর নতুন করে ১৮ পরীক্ষা কেন্দ্র স্থাপন করা হবে। ছয়টি বিভাগীয় শহর সাজাও কলকাতার, কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, ব্রাহ্মণবাড়িয়া, ঝাংড়াছড়ি, রাণামাটি, বাম্বরবান, পিরোজপুর, বরগুনা, আলকাত্তি, পটুয়াখালী, ভোলা, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজারে নতুন করে কেন্দ্র স্থাপন করা হচ্ছে। পরীক্ষার্থীদের সুবিধার্থে নতুন করে কেন্দ্রগুলো স্থাপনের নীতিগত সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ রয়েছে। অথচ রাজশাহী বিভাগের ১৬ জেলার জন্য নতুন করে কেন্দ্র স্থাপন করা হচ্ছে না।